

# ‘মানোন্নয়ন ও শ্রেণিবিন্যাস’র জন্য ৭০৮টি সরকারি কলেজ ৪ ভাগে বিভক্ত হলো

নিজস্ব বার্তা পরিবেশক

: মঙ্গলবার, ২৫ নভেম্বর ২০২৫

‘মানোন্নয়ন ও শ্রেণিবিন্যাস’ নিশ্চিত করতে দেশের ৭০৮টি সরকারি কলেজকে শিক্ষার্থী সংখ্যা, অনার্সের বিষয়, সংখ্যা ও পাঠ্যক্রমের ক্যাটাগরিতে ভাগ করেছে শিক্ষা মন্ত্রণালয়।

গত ২৪ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সরকারি কলেজ শাখা থেকে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হয়।

এদিকে নিজেদের অধিভুক্ত সব শিক্ষাপ্রতিষ্ঠানের (সরকারি ও বেসরকারি কলেজ) শিক্ষার গুণগত মানোন্নয়নের জন্য জরুরি নির্দেশনা জারি করেছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

প্রশাসনিক প্রয়োজনে উচ্চমাধ্যমিক, স্নাতক (পাস ও সাবসিডিয়ারি), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ের সরকারি কলেজগুলোকে চার ক্যাটাগরিতে বিভাজন করার কথা বলা হয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রজ্ঞাপনে। শিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানিয়েছেন, দেশের সরকারি কলেজগুলোর মান উন্নয়ন ও শ্রেণীবিন্যাস নিশ্চিত করতে চারটি ক্যাটাগরিতে কলেজগুলোকে ভাগ করা হয়েছে।

আট হাজারের বেশি শিক্ষার্থী ও ১০টির বেশি বিষয়ে অনার্স কোর্স চালু থাকা ৮১টি কলেজ ‘এ’ ক্যাটাগরিতে স্থান পেয়েছে।

‘বি’ ক্যাটাগরিতে রয়েছে ৭৪টি কলেজ, যেগুলো শিক্ষার্থীর সংখ্যা সাড়ে চার থেকে আট হাজার এবং অনার্সের বিষয় ৫টির বেশি।

‘সি’ ক্যাটাগরিতে স্থান পাওয়া ৪০৬ টি সরকারি কলেজে শিক্ষার্থীর সংখ্যা সাড়ে চার হাজারের কম এবং অনার্সের বিষয় ১ থেকে সর্বোচ্চ ৪টি। আর ‘ডি’ ক্যাটাগরিতে রয়েছে ১০৭টি সরকারি কলেজ, যেখানে শুধু উচ্চমাধ্যমিক পর্যায় চালু আছে।

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের জরুরি নির্দেশনা

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার গুণগত মানোন্নয়নের জরুরি নির্দেশনা জারি করা হয়েছে। এজন্য নির্ধারিত লিংকে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর তথ্য আগামী ৩ ডিসেম্বরের মধ্যে পাঠাতে বলা হয়েছে।

মঙ্গলবার, (২৫ নভেম্বর ২০২৫) জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়েছে। বিষয়টি ‘অতীব জরুরি’ উল্লেখ করে আরও জানানো হয়েছে, এ আদেশ সব শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের পাঠানো হয়েছে।

আদেশে আরও বলা হয়েছে, শিক্ষার গুণগত মানোন্নয়নের উদ্যোগ গ্রহণ ও উৎকর্ষ অর্জনে উৎসাহদানের লক্ষ্যে বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ ও প্রতিবেদন প্রণয়ন, শিক্ষার পরিবেশ, ভৌত অবকাঠামোগত অবস্থা, পরিচালন ব্যবস্থাপনা, গভর্নিং বডির (প্রযোজ্য ক্ষেত্রে) নিয়মিত সভাসহ অন্যান্য কার্যাদি, শিক্ষক-শিক্ষার্থী, প্রতিষ্ঠানের বিভিন্ন তথ্য-উপাত্ত সংগ্রহ, একাডেমিক, প্রশাসনিক, আর্থিক কার্যক্রম, অডিট, অধিভুক্তি নবায়নের শর্তাবলী ও কর্তৃপক্ষের জারিকৃত আদেশ ও নির্দেশনাগুলো যথাযথভাবে পরিপালনসহ সামগ্রিক বিষয়টি কেন্দ্রীয় ডাটা সেন্টারে সংরক্ষণের মাধ্যমে কলেজ বা শিক্ষাপ্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম পরিচালনা করা হবে। এ লক্ষ্যে লিংকে প্রদত্ত তথ্য ছকটি পূরণ করে আগামী ৩ ডিসেম্বরের মধ্যে পাঠানোর জন্য বলা হলো।

Web Link: <http://collegeportal.nu.ac.bd>- † Z College Code I Password  
w` ‡ q Loginদিয়ে খড়মরহ করে পসবং লিংকে ক্লিক করে তথ্য ফরম  
যথাযথভাবে পূরণ করতে হবে।